


১৩৩



মধুর কেটিনের প্রাক্ষেপে নির্বাচনী প্রচারণা

নির্বাচনী প্রচারণা মুখরিত ঢাকা বিশ্ববিদ্যালয় চত্বর

॥ রেজাপুর রহমান ॥
ডাকসু নির্বাচনের আর মাত্র ৭ দিন বাকি। ক্যাম্পাস নির্বাচনী প্রচারণার মুকুর হইয়া উঠিয়াছে। কলাভবন, মধুর কেটিন, টি,এস,সি চত্বর নির্বাচনী প্রচারণার প্রধান কেন্দ্রে পরিণত হইয়াছে। হল-গুলিতে দেওয়াল লিখন, রঙ-বেরঙের ব্যানার, পোস্টার এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি করিয়াছে। দীর্ঘ ৭ বছর পর ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হইতেছে। ফলে ভাগিটির অধিকাংশ ছাত্র-ছাত্রীর কাছে ইহা নতন

বিষয়। ছাত্র সংগ্রাম পরিষদের একক প্যানেলসহ বড়-ছোট ৯টি প্যানেল এবার প্রতিদ্বন্দিতায় নামিয়াছে। স্বতন্ত্র প্রার্থীরাও ভোট চাওয়া শুরু করিয়াছে।
ছাত্র সংগ্রাম পরিষদের একক প্যানেলে 'সুলতান মুশতাক' পরিষদ ভিপি পদে সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ (ছাত্রলীগ সূ-র), জি,এস, পদে মুশতাক হোসেন (ছাত্রলীগ, মু-না), সহ-সাধারণ সম্পাদক পদে নাসিরুদ্দোজা (ছাত্র ইউ-শেষ পৃ: ২-এর ক: ড্র:)

ঢাকা বিশ্ববিদ্যালয়
(১ম পৃ: পর)
নিয়ন), ছাত্র মিলনায়তন সম্পাদক পদে মহিউদ্দিন আহমেদ (ছাত্রমৈত্রী), বিজ্ঞান মিলনায়তন সম্পাদক পদে আবু আলী (ছাত্র ইউনিয়ন), ছাত্রী মিলনায়তন পদে লোপা (সমাজ-তান্ত্রিক ছাত্রফ্রন্ট), সমাজসেবা সম্পাদক পদে কাওসার মোদা (ছাত্রলীগ, সূ-র), সাহিত্য সম্পাদক পদে ইন্তেকবাল হোসেন (ছাত্রলীগ, মু-না), ক্রীড়া সম্পাদক পদে শফিকুল ইসলাম মানিক (সকল সংগঠনের সাধারণ প্রার্থী), সামাজিক আপ্যায়ন পদে অশোক তরু কর্মকার (ছাত্র ইউনিয়ন) এবং পরিবহন সম্পাদক পদে আহিদ্জামান চান (জাতীয় ছাত্রলীগ) প্রতিদ্বন্দিতা করিতেছেন।

জাতীয়তাবাদী ছাত্রদলের 'দুর্-রিপন' পরিষদে সহ-সভাপতি পদে শামসুজ্জামান দুবু, সাধারণ সম্পাদক পদে আসাদুজ্জামান রিপন, সহ-সাধারণ সম্পাদক পদে খায়রুল কবীর বোকা, ছাত্র মিলনায়তন সম্পাদক পদে নাজিমুদ্দিন আলম, বিজ্ঞান মিলনায়তন সম্পাদক পদে মেসবাহউদ্দিন আলী, ছাত্রী মিলনায়তন সম্পাদক পদে শাহিনা পান মঞ্জু, সমাজ সেবা সম্পাদক পদে তকদীর হোসেন মো: জসিম, ক্রীড়া সম্পাদক পদে কারসার হামিদ, সামাজিক আপ্যায়ন সম্পাদক পদে মাসুদ হোসেন এবং পরিবহন সম্পাদক পদে খোন্দকার জাহাঙ্গীর হোসেন প্রতিদ্বন্দিতা করিতেছেন। ছাত্র শিবির মনোনীত 'আমিনুল-মুকুল' পরিষদে সহ-সভাপতি পদে মু: আমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক পদে নাসিরুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক পদে মজিবুর রহমান প্রতিদ্বন্দিতা করিতেছেন। এবারের নির্বাচনে মাষ্টার্স পরীক্ষা দিয়াছে এমন ছাত্র-ছাত্রী ভোটার হিসাবে স্বযোগ পাওয়ার মোট ভোটারের সংখ্যা দাঁড়াইয়াছে ২৪ হাজার ২২৫ জন। ডাকসুর ২০টি পদে ১৮৬ জন প্রতিদ্বন্দিতা করিতেছেন। ৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠিতব্য এই নির্বাচনের ব্যাপারে কর্তৃপক্ষ সকল ব্যবস্থা চূড়ান্ত করিয়াছে।
আজ (বৃহসবার) প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হইবে। ছাত্র সংগ্রাম পরিষদ আজ সকাল ১০টার ডাকসু ভবনে সাংবাদিক সম্মেলনের আয়োজন করিয়াছে।